পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।– আল-কুরআন।

# বিডি সাইন্স একাডেমী

বিষয়: গার্হস্থ্য শিক্ষা, লেকচার শিট ▶ ১

শ্রেণি-সপ্তম

# ক বিভাগ — গৃহ ব্যবস্থাপনা ও গৃহসম্পদ




## প্রথম অধ্যায়

# গৃহ ব্যবস্থাপনার স্তর ও গৃহসম্পদ

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. কোন বিষয়টিকে কেন্দ্র করে গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো চক্রাকারে আবর্তিত হয়?
ক সংগঠন ● লক্ষ্য গ নিয়ন্ত্রণ ঘ পরিকল্পনা

২. গৃহ ব্যবস্থাপনার স্তরগুলোকে চক্রাকারে সাজালে নিয়ন্ত্রণের পর কোন স্তরটির স্থান–
ক সংগঠন খ পরিকল্পনা ● মূল্যায়ন ঘ সিদ্ধান্ত

**নিচের অনুচ্ছেদটি পড়ো ৩ নং ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সচেতন গৃহিণী মনিরা বেগম সবসময় কেনাকাটা করতে যাওয়ার আগে পরিবারের সদস্যদের কার কী প্রয়োজন তা জেনে নেন এবং সর্বোচ্চ কত টাকার মধ্যে প্রত্যেকের প্রয়োজন মেটানো যায় তা চিন্তা ভাবনা করেন।

৩. মনিরা বেগমের অনুসৃত পদ্ধতিটিকে কী বলে?
ক কর্মতালিকা ● বাজেট গ মেনু পরিকল্পনা ঘ দ্রব্যতালিকা

৪. মনিরা বেগমের অভ্যাসের কারণে তাঁর পরিবারের সদস্যদের–
i. অর্থের অপব্যবহার কমবে
ii. প্রয়োজনীয় চাহিদা মিটবে
iii. সঞ্চয়ের অভ্যাস গড়ে উঠবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : গৃহ ব্যবস্থাপনার স্তর ■ পৃষ্ঠা – ২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. যে কোনো কাজের মূল ভিত্তি বলা হয় কাকে? (জ্ঞান)
ক সংগঠনকে খ নিয়ন্ত্রণকে গ মূল্যায়নকে ● পরিকল্পনাকে

৬. গৃহ ব্যবস্থাপনার কোন স্তরটি সবচেয়ে গুরুত্বপূর্ণ? [খুলনা জিলা স্কুল]
ক পরিকল্পনা ● নিয়ন্ত্রণ গ সংগঠন ঘ মূল্যায়ন

৭. গৃহ ব্যবস্থাপনার সর্বশেষ স্তরের নাম কী? (জ্ঞান)
ক পরিকল্পনা খ নিয়ন্ত্রণ ● মূল্যায়ন ঘ সংগঠন

৮. লক্ষ্য অর্জন হলে কী আসে? (জ্ঞান)
● সফলতা খ ব্যর্থতা গ হতাশা ঘ সুখ

৯. মূল্যায়ন স্তরে কী করা হয়? (জ্ঞান)
ক কাজ বাছাই করা হয় ● ফলাফল যাচাই করা হয়
গ কাজ ভাগ করা হয় ঘ কাজের পরিকল্পনা করা হয়

১০. বাজেট কী? (জ্ঞান)
● অর্থ ব্যয়ের পরিকল্পনা খ সঞ্চয়ের পরিকল্পনা
গ আয় বৃদ্ধির পরিকল্পনা ঘ অর্থ ভোগের পরিকল্পনা

১১. গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো কীভাবে আবর্তিত হয়? (অনুধাবন)
ক অধারাবাহিকভাবে খ এলোমেলোভাবে
● চক্রাকারে ঘ বিচ্ছিন্নভাবে

১২. সংগঠন স্তরে পরিকল্পনালব্ধ কাজের কোন ধরনের বিন্যাস করা হয়? (অনুধাবন)
ক ধারাবাহিক খ অযৌক্তিক ● যৌক্তিক ঘ বাস্তবমুখী

১৩. কোনো কাজ সম্পন্ন হওয়ার পর তা মূল্যায়ন করা হয় কেন? (অনুধাবন)
● ফলাফল যাচাই করতে খ নিয়ম রক্ষা করতে
গ গতিশীলতা বৃদ্ধি করতে ঘ সামঞ্জস্যতা বিধান করতে

১৪. পরিকল্পনাকে যে কোনো কাজের মূলভিত্তি বলা হয় কেন? (অনুধাবন)
ক গৃহ ব্যবস্থাপনার প্রথম স্তর বলে
● একে অনুসরণ করে পরবর্তী কাজগুলো করা হয় বলে
বিভিন্ন কাজের সমন্বয় সাধন করে বলে এর মাধ্যমে কাজের অগ্রগতি সাধিত হয় বলে

১৫. পারিবারিক লক্ষ্য অর্জনের জন্য কতগুলো কর্মপদ্ধতির সমষ্টিকে কী বলে? [রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] (জ্ঞান)
ক সিদ্ধান্ত খ পরিকল্পনা ● গৃহ ব্যবস্থাপনা ঘ মূল্যায়ন

১৬. লাবনী তার লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা, সংগঠন, নিয়ন্ত্রণ ও কাজের মূল্যায়ন করে। লাবনীর এ প্রচেষ্টার মাধ্যমে কোন বিষয়টি ফুটে উঠেছে? (প্রয়োগ)
● গৃহ ব্যবস্থাপনার স্তর খ নির্দিষ্ট লক্ষ্য অর্জন
গ ধারাবাহিক কর্মতালিকা ঘ পরিকল্পিত লক্ষ্য অর্জন

১৭. সাগরিকা একটি লক্ষ্য অর্জনের জন্য কাজ করছে এবং সে এ কারণে যে পদ্ধতি অনুসরণ করছে তা তৃতীয় পর্যায়ে রয়েছে। সাগরিকা কোন পর্যায়ে বা স্তরে রয়েছে? (প্রয়োগ)
ক পরিকল্পনা খ সংগঠন ● নিয়ন্ত্রণ ঘ মূল্যায়ন

১৮. গৃহ ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণই সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর। এর যথার্থ কারণ কী? (উচ্চতর দৰতা)
● বিভিন্ন ধারাকে কার্যকর করে খ চিন্তাভাবনা করতে হয়
গ যাচাইবাছাই করতে হয় ঘ কার্যকলাপের পূর্বাভাস পাওয়া যায়

১৯. কাজের সফলতা ও ব্যর্থতা নিরূপণের জন্য নিচের কোনটি অধিক উপযোগী? (উচ্চতর দৰতা)
ক পরিকল্পনা খ সংগঠন গ নিয়ন্ত্রণ ● মূল্যায়ন

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. কাজের ফলাফল ভালো হওয়ার জন্য প্রয়োজন– (অনুধাবন)
i. উৎসাহ ii. দক্ষতা iii. মনোযোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২১. নিঝুম পরিবারের সদস্যদের নিয়ে কক্সবাজার বেড়াতে যাওয়ার পরিকল্পনা করছে। এক্ষেত্রে সে লক্ষ রাখবে– (প্রয়োগ)
i. সবার সুবিধা–অসুবিধার দিকে ii. পরিকল্পনা যেন রদবদল করা না যায়
iii. পরিকল্পনা যেন বাস্তবমুখী হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. নিয়ন্ত্রণ স্তরটি এগিয়ে চলে– (অনুধাবন)
i. কাজে সক্রিয় হয়ে ii. কাজের অগ্রগতি লৰ করে

iii. পরিস্থিতির সাথে খাপ খাইয়ে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

২৩. গৃহ ব্যবস্থাপনা হলো কতগুলো পর্যায়ক্রমিক স্তরের সমষ্টি। এ স্তরগুলো হলো– (উচ্চতর দক্ষতা)

i. সাদৃশ্যপূর্ণ  ii. পরস্পর নির্ভরশীল  iii. গতিশীল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

রূপনগরে একটি মার্কেট নির্মাণ করা হয়, যেখানে লোকজনের সুবিধা–অসুবিধার কথা বিবেচনা করা হয়নি এবং রদবদলের সুযোগও সীমিত।

২৪. রূপনগর মার্কেটে কোন বিষয়টির ত্রুটি রয়েছে? (প্রয়োগ)

● পরিকল্পনা  খ সিদ্ধান্ত  গ মূল্যায়ন  ঘ নিয়ন্ত্রণ

২৫. উক্ত ত্রুটি দূর করার সর্বোত্তম উপায় কোনটি– (উচ্চতর দক্ষতা)

মার্কেট ভেঙে ফেলা  কঠোরভাবে নিয়ন্ত্রণ  ● পরিবর্তন ও সংশোধন  পরিকল্পনা প্রণয়ন

## পাঠ ২ : গৃহসম্পদ ■ পৃষ্ঠা – ৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. চাহিদা পূরণের হাতিয়ার কোনটি? (জ্ঞান)

ক বিদ্যুৎ  খ বায়ু  ● সম্পদ  ঘ শক্তি

২৭. কোনটি মানবীয় সম্পদ? (অনুধাবন)

ক অর্থ  খ জমিজমা  গ সরঞ্জাম  ● জ্ঞান

২৮. সম্পদের প্রয়োজন মেটানোর ক্ষমতাকে কী বলে? (জ্ঞান)

ক সামর্থ্য  খ শক্তি  ● উপযোগ  ঘ গুণ

২৯. নিচের কোনটি সম্পদের মৌলিক বৈশিষ্ট্য? (অনুধাবন)

ক সম্পদ উপযোগহীন  খ সম্পদ অসীম

● সম্পদের সীমাবদ্ধতা  ঘ প্রয়োগ যোগ্যতা

৩০. একজন ব্যক্তির জন্য সারা দিন–রাত্রি মিলিয়ে কত ঘণ্টা সময় নির্দিষ্ট? (জ্ঞান)

ক ১২  খ ১৮  গ ২২  ● ২৪

৩১. সম্পদ ব্যবহার করা হয় কেন? (অনুধাবন)

সম্পদ বৃদ্ধি করতে  অর্থ ব্যয় করতে  ● চাহিদা পূরণ করতে  মনোযোগ বাড়াতে

৩২. কাজ সম্পাদনের জন্য যে জিনিসগুলোর ওপর নির্ভর করতে হয় তাকে কী বলে? [সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক হাতিয়ার  খ উপকরণ  ● সম্পদ  ঘ মাধ্যম

৩৩. প্রয়োজন মেটানোর ক্ষমতা রয়েছে কোনটির? (জ্ঞান)

ক সময়  ● অর্থ  গ স্বপ্ন  ঘ জাদু

৩৪. রায়সা অ্যাডভোকেট হতে চায়। কিন্তু পরীক্ষাতে ভালো ফলাফল হয়নি। এক্ষেত্রে রায়সার কী করা প্রয়োজন? (প্রয়োগ)

ক আইন বই পড়া  ● পড়ালেখায় মনোযোগী হওয়া

গ অ্যাডভোকেটের সাথে সাক্ষাৎ করা  ঘ ডাক্তারের নিকট যাওয়া

৩৫. মিসেস শাহিন মনে করেন সম্পদের প্রয়োজন মেটানোর ক্ষমতা আছে। মিসেস শাহিনের মনোভাব কোনটিকে সমর্থন করে? (প্রয়োগ)

● সম্পদের উপযোগ  খ সম্পদের সীমাবদ্ধতা

সম্পদের ব্যবহার পরস্পর সম্পর্কযুক্ত  ঘ সকল সম্পদই ক্ষমতাধীন

৩৬. লক্ষ্য অর্জনের জন্য কোনটি প্রয়োজন? [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক সম্পদের সঞ্চয়  খ সম্পদের সীমিত ব্যবহার

গ সম্পদের যথেচ্ছ ব্যবহার  ● সম্পদের যৌথ প্রয়োগ

৩৭. মিন্টনের বাবা কৃষক। তাই তার পড়ালেখা বাধাগ্রস্ত হচ্ছে। মিন্টনের পড়ালেখা বাধাগ্রস্ত হওয়ার ক্ষেত্রে কোনটি দায়ী? (উচ্চতর দক্ষতা)

ক সময়ের সীমাবদ্ধতা  খ জ্ঞানের সীমাবদ্ধতা

● সম্পদের সীমাবদ্ধতা  ঘ লক্ষ্যহীনতা

৩৮. নীলা খুব বুদ্ধিমতি। সে দক্ষতার সাথে তার সকল কাজ সম্পন্ন করার চেষ্টা করে। উক্ত গুণাগুলো নীলার কোন ধরনের সম্পদ? (উচ্চতর দক্ষতা)

ক মূল্যহীন  খ হস্তান্তরযোগ্য ● হস্তান্তর অযোগ্য  ঘ পারিবারিক

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৯. সম্পদ বলতে বোঝায়– [গভঃ মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া]

i. অর্থকে  ii. আসবাবপত্রকে  iii. সামর্থ্যকে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪০. সম্পদের বৈশিষ্ট্য হলো– (অনুধাবন)

i. সহজলভ্য  ii. উপযোগ  iii. ক্ষমতাধীন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪১ ও ৪২নং প্রশ্নের উত্তর দাও :

ইয়াসমিন একজন ভালো ছাত্রী। সে তার লক্ষ্য অর্জনের জন্য মেধা, সময়জ্ঞান, বুদ্ধি, অর্থ ইত্যাদি দিয়ে চেষ্টা চালিয়ে যাচ্ছে।

৪১. শিক্ষার আয়োজন করতে ও উপকরণ জোগাতে রাইসার কী প্রয়োজন? (প্রয়োগ)

ক সামর্থ্য  খ শক্তি  ● অর্থ  ঘ ইচ্ছা

৪২. রাইসার লক্ষ্য অর্জনের জন্য কোন সম্পদগুলো কাজ করছে? (উচ্চতর দক্ষতা)

ক মানবীয় সম্পদ খ ব্যক্তিগত সম্পদ গ বস্তুগত সম্পদ ● গৃহসম্পদ

## পাঠ ৩ : সম্পদের শ্রেণিবিভাগ ■ পৃষ্ঠা - ৫

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৩. মানুষের অন্তর্নিহিত গুণাবলিকে কী বলে? (জ্ঞান)

ক দক্ষতা  খ জ্ঞান  ● মানবীয় সম্পদ  অমানবীয় সম্পদ

৪৪. বস্তুগত সম্পদের মধ্যে সবচেয়ে মূল্যবান সম্পদ কোনটি? (জ্ঞান)

ক বাড়িঘর  খ জমিজমা  ● অর্থ  ঘ আসবাবপত্র

৪৫. পারিবারিক লক্ষ্য অর্জনের জন্য কোনটি ব্যবহার করতে হয়? (জ্ঞান)

ক মানবীয় সম্পদ  খ অমানবীয় সম্পদ

গ বস্তুগত সম্পদ  ● মানবীয় ও বস্তুগত সম্পদ

৪৬. নিচের কোনটি মানবীয় সম্পদ? (জ্ঞান)

সামাজিক সুবিধা খ অর্থ  ● জ্ঞান  ঘ জমিজমা

৪৭. গৃহ ব্যবস্থাপনার দৃষ্টিকোণ থেকে সম্পদকে কয়ভাগে ভাগ করা হয়েছে? (জ্ঞান)

● দুই  খ তিন  গ চার  ঘ পাঁচ

৪৮. মানুষের বিভিন্ন চাহিদা পূরণের হাতিয়ার কোনটি? [রংপুর জিলা স্কুল]

ক দক্ষতা  ● সম্পদ  গ জমিজমা  ঘ জ্ঞান

৪৯. দক্ষতা সম্পদ দ্বারা কোনটি বোঝানো হয়েছে? (অনুধাবন)

যে কোনো বিষয়ে সঠিক তথ্য জানা  খ বিভিন্ন কাজ করার শক্তি

● কোনো বিশেষ বিষয়ে পারদর্শী  ঘ খাপ খাওয়ানোর মনোভাব

৫০. মানুষ তাদের অজানা সম্পদগুলো ব্যবহার করে লক্ষ্য অর্জন করতে পারে না কেন? (অনুধাবন)

● সম্পদের ধরন ও পরিমাণ সম্পর্কে ধারণার অভাব

খ পরস্পর সহযোগিতাপূর্ণ মনোভাবের অভাব

গ বিশেষ বিষয়ে জ্ঞানের অভাব  ঘ আয়ুষ্কালের অভাব

৫১. পরিবারের সদস্যরা তাদের লক্ষ্য অর্জন করতে পারে কীভাবে? (অনুধাবন)

ক বস্তুগত সম্পদ ব্যবহার করে  খ বস্তুগত সম্পদ অপব্যবহার করে

● মানবীয় সম্পদ ব্যবহার করে  ঘ মানবীয় সম্পদ অপব্যবহার করে

৫২. অর্থ + জমিজমা + বাড়িঘর + আসবাবপত্র = ? উপরের (?) চিহ্নিত খালিঘরে কী বসবে? (প্রয়োগ)

ক মানবীয় সম্পদ  ● অমানবীয় সম্পদ  গ অবস্তুগত সম্পদ ঘ মানবীয় গুণাবলি

৫৩. মীম ছবি আঁকায় পারদর্শী। মীমের এ গুণ কোন ধরনের সম্পদের অন্তর্ভুক্ত? (প্রয়োগ)

ক জ্ঞান  খ শক্তি  ● দক্ষতা  ঘ মনোভাব

৫৪. আয়েশা সীমিত সম্পদের মালিক। লক্ষ্য অর্জনের জন্য তিনি কী করবেন? (উচ্চতর দক্ষতা)

ক অপরিকল্পিতভাবে সম্পদের ব্যবহার ● পরিকল্পিতভাবে সম্পদের ব্যবহার

গ অধিক সঞ্চয়  ঘ অধিক সুদে অর্থ বিনিয়োগ

৫৫. বস্তুগত সম্পদ হিসেবে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত? (উচ্চতর দক্ষতা)

● অর্থ  খ সময়  গ জ্ঞান  ঘ মনোভাব

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৬. মানুষের অন্তর্নিহিত গুণাবলি বলতে বোঝায়– (অনুধাবন)
i. জ্ঞানকে ii. সরঞ্জামকে iii. দক্ষতাকে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৭. সম্পদের দ্বারা যে ধরনের চাহিদা পূরণ করা যায়– (অনুধাবন)
i. পারিবারিক ii. সামাজিক iii. সাংস্কৃতিক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৫৮. অমানবীয় সম্পদ হলো– [সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
i. শক্তি ii. গৃহের সরঞ্জাম iii. জমিজমা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

৫৯. মানবীয় সম্পদগুলো অনুভব করতে হয়। এর যথার্থ কারণ হলো– (উচ্চতর দক্ষতা)
i. চোখে দেখা যায় না ii. স্পর্শ করা যায় না iii. বস্তুগত আকৃতি নেই
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬০ ও ৬১ নং প্রশ্নের উত্তর দাও :**
সামিরা প্রতিটি কাজ যথাসময়ে দক্ষতা ও আগ্রহ নিয়ে করে। সে গৃহে যাবতীয় আসবাবপত্র ও সরঞ্জাম যত্নসহকারে ব্যবহার করে।

৬০. সামিরার মধ্যে যেসব মানবীয় সম্পদ রয়েছে– (প্রয়োগ)
i. দুর্বলতা ii. দক্ষতা iii. সময়জ্ঞান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

৬১. সামিরার সম্পর্কে যা বলা হয়েছে তাতে বোঝা যায়– (উচ্চতর দক্ষতা)
i. সে সময়ের মূল্য দেয় ii. তার মনোভাব নেতিবাচক
iii. তার গৃহব্যবস্থাপনায় দক্ষতা আছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

# পাঠ ৪ : অর্থ, সময়, শক্তি ■ পৃষ্ঠা - ৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬২. অর্থ ব্যয়ের পূর্বে কী করতে হয়? (অনুধাবন)
● পরিকল্পনা (খ) ঋণ (গ) সঞ্চয় (ঘ) আয়

৬৩. জন্মমুহূর্তেই মানুষ কোন সম্পদের অধিকারী হয়? (জ্ঞান)
(ক) অর্থ ● সময় (গ) আসবাবপত্র (ঘ) জমিজমা

৬৪. অর্থ ব্যয়ের পূর্বে পরিকল্পনাকে কী বলে? [ যশোর জিলা স্কুল]
(ক) সঞ্চয় (খ) সময় সংক্ষেপণ ● বাজেট (ঘ) অপচয়

৬৫. কী দিয়ে পরিবারের সকল ব্যয়ভার মেটানো হয়? (জ্ঞান)
(ক) বুদ্ধি (খ) আগ্রহ ● অর্থ (ঘ) শক্তি

৬৬. অর্থ, সময় ও শক্তি কোন ধরনের সম্পদ? (অনুধাবন)
(ক) মানবীয় (খ) অমানবীয় (গ) বস্তুগত ● গৃহসম্পদ

৬৭. বস্তুগত সম্পদের মধ্যে কিসের কার্যকারিতা সবচেয়ে বেশি? (জ্ঞান)
● অর্থ (খ) জমিজমা (গ) গাড়ি (ঘ) আসবাবপত্র

৬৮. মানুষ সঞ্চয় করে কেন? (অনুধাবন)
অর্থ বৃদ্ধি করতে ● ভবিষ্যতের জন্য অপচয় রোধ করতে মিতব্যয়ী হতে

৬৯. রানু তার বান্ধবীর নিকট ঋণী। এ ঋণ পরিশোধের জন্য রানুর প্রয়োজন কী? (প্রয়োগ)
● অর্থ (খ) জ্ঞান (গ) মেধা (ঘ) আগ্রহ

৭০. শোভা একটি জামা কিনতে চায়। শোভার জামা কেনার জন্য প্রয়োজন কী? (প্রয়োগ)
● অর্থ (খ) সময় (গ) শক্তি (ঘ) যোগ্যতা

৭১. সকলেরই অর্থ বাজেট করে ব্যয় করার অভ্যাস করা উচিত। এর কারণ কী? (উচ্চতর দক্ষতা)
● অপচয় রোধ হবে (খ) বাজেট সম্পর্কে ধারণা হবে
(গ) মিতব্যয়িতা হ্রাস হবে (ঘ) সঞ্চয় বৃদ্ধি হবে

৭২. পরিবারের ব্যয়ভার মেটানোর জন্য নিচের কোনটি অধিক উপযোগী? (উচ্চতর দক্ষতা)
● অর্থ (খ) সময় (গ) শক্তি (ঘ) আগ্রহ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৩. বাজেট করে অর্থ ব্যয় করলে– (অনুধাবন)
i. আমরা মিতব্যয়ী হব ii. আমরা সঞ্চয়ী হব iii. সম্পদের সঠিক ব্যবহার হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৭৪. অর্থ হলো– (অনুধাবন)
i. বিনিময়ের মাধ্যম ii. মূল্যের পরিমাপক iii. ঋণ পরিশোধের মান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৭৫. যে কোনো কাজে লিখন প্রয়োজনের চেয়ে অনেক বেশি শক্তি অপচয় করে। এ অপচয় রোধে সে যেসব উপায় অবলম্বন করতে পারে– (প্রয়োগ)
i. কাজের তালিকা করা ii. গুরুত্ব অনুসারে কাজ করা
iii. কঠিন কাজের পর হালকা কাজ করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৭৬. আমীর দৈহিকভাবে শক্তিশালী। তার শক্তির সদ্ব্যবহারের উপায় হলো– (উচ্চতর দক্ষতা)
i. ইচ্ছানুযায়ী কাজ করা ii. কঠিন কাজের পর হালকা কাজ করা
iii. কাজ করার সময় সামর্থ্য বিবেচনা করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও :**
শিউলি সপ্তম শ্রেণির ছাত্রী। পড়াশোনার পাশাপাশি সে বাড়িতে তার মাকে সাহায্য করে। সে পড়াশোনা ও কাজের একটি রুটিন করেছে। ফলে স্বল্প পরিশ্রমে অনেক কাজ করতে পারে।

৭৭. শিউলি যে পদ্ধতিতে কাজ করে তাতে– (প্রয়োগ)
i. শক্তির অপচয় হয় ii. কাজ সহজ হয় iii. শক্তির যথাযথ ব্যবহার হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

৭৮. শিউলির কাজের ধরন থেকে বোঝা যায় সে – (উচ্চতর দক্ষতা)
i. সময়জ্ঞান সম্পর্কে সচেতন ii. কর্মতালিকার গুরুত্ব বুঝে
iii. শক্তির অপচয় রোধ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

# পাঠ ৫ : কাজ সহজকরণের কলাকৌশল ■ পৃষ্ঠা – ৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৯. কাজ সহজকরণ কী? [গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]
● অল্প সময় ও শক্তি ব্যয় করে কাজ করা অধিক শক্তি ব্যয় করে কাজ করা
(গ) সহজ কাজগুলো করা (ঘ) কম সময়ে কাজ করা

৮০. কীভাবে কাজ করলে কাজ সহজ হয়? [রাজশাহী কলেজিয়েট স্কুল]
(ক) বিশ্রাম নিয়ে কাজ করলে ● কাজ সহজকরণের কৌশল আয়ত্ত করলে
(গ) কম কাজ করলে (ঘ) সহজ কাজ আগে করলে

৮১. কোনটি দ্বারা অল্প সময় ও শক্তিতে অনেক বেশি কাজ করা যায়? (জ্ঞান)
(ক) কপিকলের দ্বারা (খ) মহাকর্ষ শক্তি দ্বারা
(গ) অন্যকে দিয়ে কাজ করানো দ্বারা ● কাজ করা সবচেয়ে ভালো পন্থার দ্বারা

৮২. গার্হস্থ্য অর্থনীতিবিদগণ কাজ সহজ করার কয়টি কৌশলের কথা উল্লেখ করেছেন? [বগুড়া জিলা স্কুল]
(ক) তিন (খ) চার ● পাঁচ (ঘ) ছয়

৮৩. সঠিক দেহভঙ্গি নিয়ে কাজ করলে কী হয়? (জ্ঞান)
(ক) কম অর্থ আয় হয় (খ) বেশি অর্থ আয় হয়
● কম শক্তি ব্যয় হয় (ঘ) বেশি অর্থ ব্যয় হয়

৮৪. কীভাবে কাজ সহজ করা যায়? (অনুধাবন)
(ক) শ্রমিক নিয়োগ দিয়ে (খ) জ্ঞান অর্জন করে
● বিভিন্ন কৌশল আয়ত্ত করে (ঘ) সাবধানতা অবলম্বন করে

৮৫. একই গতি বা ছন্দে কাজ করতে হয় কেন? (অনুধাবন)

● কাজ সহজ করতে ⓖ কাজের স্থান ঠিক রাখতে
ⓖ উৎপাদনের পর্যায় ঠিক রাখতে ⓖ কাজের সরঞ্জাম পরিবর্তন করতে

**৮৬. রোমানা বেগম সুতি কাপড়ের পরিবর্তে নাইলন বা সিনথেটিক কাপড় পর্দা হিসেবে ব্যবহার করেন। এর কারণ কী?** (প্রয়োগ)
ⓚ সস্তা বলে ⓖ হালকা বলে ⓖ ব্যয়বহুল বলে ● ধোয়া সহজ বলে

**৮৭. শেফালী রান্না করার জন্য কাঠ কাটবে। দা দিয়ে কাঠ কীভাবে কাটা প্রয়োজন?** (প্রয়োগ)
● উপর থেকে নিচে | নিচ থেকে উপরে | ডান থেকে বায়ে | বাম থেকে ডানে

**৮৮. জুঁইকে তার মা বলেন কাজকে সহজ করার জন্য পাঁচ ধরনের পরিবর্তন রয়েছে। জুঁইয়ের মায়ের বক্তব্যের সাথে কার সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ⓚ অর্থনীতিবিদগণের ● গার্হস্থ্য অর্থনীতিবিদগণের
ⓖ শিক্ষিকাগণের ⓖ রন্ধনশীল মহিলাগণের

**৮৯. কাজ সহজকরণের কৌশল অবলম্বন করার মূল উদ্দেশ্য কী?** (উচ্চতর দক্ষতা)
● শক্তি ও সময় বাঁচানো ⓖ তালিকা করার সুবিধা
ⓖ সম্পদের সদ্ব্যবহার ⓖ দক্ষতা বৃদ্ধি

**৯০. নিচের কোন সম্পদটি সবার জন্য সমান?** (জ্ঞান)
ⓚ অর্থ ● সময় ⓖ শক্তি ⓖ জ্ঞান

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯১. উৎপাদিত দ্রব্যে পরিবর্তন করে কাজ সহজ করা যায়। এর উদাহরণ হলো–** (অনুধাবন)
i. টমেটো স্রাইস করা ii. প্রেসার কুকার ব্যবহার করা
iii. রান্না করে ফ্রিজে রাখা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৯২. কাজ সহজকরণ বলতে বোঝায়–** [বরিশাল জিলা স্কুল]
i. নির্দিষ্ট কাজে অল্প সময় ও শক্তি ব্যয় করা
ii. নির্দিষ্ট কাজে অন্যের সাহায্য নিয়ে করা
iii. নির্দিষ্ট সময় ও শক্তি ব্যয়ে অধিক কাজ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৯৩. গৃহের কাজ সহজ করণের জন্য বিকল্প উপকরণ হলো–** (অনুধাবন)
i. ব্লেন্ডার ii. ডিসপজেবল পেরট iii. ওয়াশিং মেশিন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৪ ও ৯৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সুমনা চাকরিজীবী। কর্মক্ষেত্র ও সংসার সামলাতে তিনি নানা ধরনের সমস্যায় পড়েন। তিনি কোনো কাজই ঠিকমতো শেষ করতে পারেন না। অল্প পরিশ্রমে ক্লান্ত হন?

**৯৪. সুমনার সমস্যা সমাধানে কোনটি প্রয়োজন?** (অনুধাবন)
ⓚ বেশি সময় ⓖ দক্ষতা ● কাজ সহজকরণ কৌশল | কাজের লোক

**৯৫. সময় ও শক্তি বাঁচাতে তার ব্যবহার করা প্রয়োজন–** (উচ্চতর দক্ষতা)
i. বৈদ্যুতিক ইস্ত্রি ii. প্রেসার কুকার iii. ফিল্টার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
গ্রামে বসবাসকারী রহিমা খাতুন তার স্বল্প আয়ে সংসারের যাবতীয় চাহিদা অগ্রাধিকারের ভিত্তিতে পূরণ করতে চেষ্টা করেন। রান্নাঘর থেকে পানির চাপকল দূরে হওয়ায় তিনি পানি বালতিতে ভরে রাখেন। রান্নায় প্রয়োজনীয় সরঞ্জাম হাতের নাগালে মাটির তৈরি তাকে রাখেন। যার ফলে নির্দিষ্ট সময়ের মধ্যে রান্না শেষ করে তিনি বাচ্চাদের নিয়ে স্কুলে যান।

ক. সম্পদ কী?
খ. সম্পদের সীমাবদ্ধতা বলতে কী বোঝায়?
গ. রান্নার পূর্বে রহিমা খাতুনের গৃহীত পদক্ষেপগুলো কাজ সহজ করার কোনো কৌশলটির পরিচায়ক ব্যাখ্যা কর।
ঘ. ‘রহিমা বেগম গৃহ সম্পদের যথাযথ ব্যবহার করেন’ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো।

### ১নং প্রশ্নের উত্তর

ক. সম্পদ হচ্ছে মানুষের বিভিন্ন চাহিদা পূরণের হাতিয়ার।

খ. সম্পদের একটি মৌলিক বৈশিষ্ট্য হলো, সকল সম্পদই সীমিত। যেমন : একজন ব্যক্তির সারা দিন-রাত মিলিয়ে ২৪ ঘণ্টা সময়, যা একেবারেই সীমিত। একটা পরিবারের সীমিত আয় বা সীমিত জায়গা ইত্যাদি সম্পদের সীমাবদ্ধতা নির্দেশ করে।

গ. রান্নার পূর্বে রহিমা খাতুনের গৃহীত পদক্ষেপগুলো কাজ করার স্থানের ও কাজের সরঞ্জামের পরিবর্তন কৌশলটির পরিচায়ক। প্রত্যেক কাজের একটা নির্দিষ্ট স্থান থাকে এবং সেখানে কাজটি করতে পারলে সময় ও শক্তির অপচয় রোধ করা হয়। আবার প্রত্যেক কাজের সরঞ্জামগুলো নির্ধারিত স্থানে রাখলে কাজের সুবিধা হয় ও সহজেই হাতের কাছে পাওয়া যায়। উদ্দীপকের রহিমা খাতুনের রান্নাঘর থেকে পানির কল দূরে তাই তিনি বালতিতে পানি ভরে রাখেন ও রান্নার প্রয়োজনীয় সরঞ্জাম হাতের নাগালে রাখে। কাজের সরঞ্জামগুলো হাতের কাছে থাকায় তার কাজে সুবিধা হয় এবং সময় ও শক্তি কম ব্যয় হয়। তিনি অল্পে সময়ে অনেক বেশি কাজ করতে পারেন।

ঘ. রহিমা বেগম গৃহসম্পদের যথাযথ ব্যবহার করেন – এই বক্তব্যটি যথার্থ। কেননা গৃহসম্পদ হচ্ছে সেসব জিনিস যেগুলো গৃহের কাজ সম্পাদনে দরকার হয়। পৃথিবীর অন্য সকল সম্পদের মতো গৃহসম্পদও সীমিত। তাই গৃহের যেকোনো কাজে এই সীমিত সম্পদ যথাযথভাবে ব্যবহার করতে হয়। উদ্দীপকের রহিমা বেগমও স্বল্প আয়ের সংসারের যাবতীয় চাহিদা অগ্রাধিকারের ভিত্তিতে পূরণ করার জন্য প্রয়োজনীয় সম্পদগুলোর যথাযথ ব্যবহার করেন। তিনি শক্তি ও সময়ের অবচয় রোধ করার জন্য রান্নাঘর থেকে পানির চাপকল দূরে বলে তিনি পানি বালতিতে ভরে রাখেন। রান্নার জিনিসপত্র তাকে গুছিয়ে রাখেন। ফলে প্রয়োজনের সময় জিনিসপত্র খোঁজা লাগে না। দ্রুত কাজ শেষ হয়ে যায়, এতে করে তিনি সন্তানদেরও সময় দিতে পারেন। আর এসব থেকে এটাই প্রতীয়মান হয় যে প্রশ্নের বক্তব্যটি সঠিক ও যথাযথ।

**প্রশ্ন –২ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
রসুলপুর গ্রামের মাফুজার স্বপ্ন সফল নারী উদ্যোক্তা হবেন। এ লক্ষ্যে সে তাঁর প্রশিক্ষণকে কাজে লাগিয়ে বিভিন্ন ধরনের হাতের কাজ যেমন নকশিকাঁথা, চাদর ইত্যাদি তৈরি করে বিক্রি করেন। তাঁর কাজের দক্ষতা দেখে ঐ এলাকার মহিলা সংস্থা তাঁকে ঋণ প্রদান করে। মাফুজা ১০ জন নারীকে সেই বিষয়ে প্রশিক্ষণ দেন এবং তাদের নিয়ে “সেলাই ঘর” নামে প্রতিষ্ঠান গড়ে তোলেন। বর্তমানে রসুলপুর গ্রাম ও আশপাশের এলাকায় মাফুজার কাজের প্রশংসা অনেক।

ক. গৃহ ব্যবস্থাপনা কী?
খ. মানবীয় সম্পদগুলো পরস্পর সম্পর্কযুক্ত– বুঝিয়ে লেখ।
গ. কোন সম্পদের প্রভাব মাফুজার মধ্যে লক্ষ্য করা যায়– ব্যাখ্যা করো।
ঘ. দুই রকম সম্পদের সমন্বয়ে মাফুজার লক্ষ্যপূরণ সম্ভব হয়েছে– যুক্তি সহকারে উপস্থাপন করো।

### ২নং প্রশ্নের উত্তর

ক. গৃহ ব্যবস্থাপনা হলো পারিবারিক লক্ষ্য অর্জনের জন্য কতগুলো কর্মপদ্ধতির সমষ্টি।

খ. জ্ঞান, দক্ষতা, শক্তি, আগ্রহ, মনোভাব ইত্যাদি গুণগুলোকে মানবীয় সম্পদ বলা হয়। মানবীয় সম্পদগুলো পরস্পর নির্ভরশীল ও সম্পর্কযুক্ত। অনেক সময় দেখা যায়, কারো কোনো বিশেষ কাজের দক্ষতা ও জ্ঞান আছে। কিন্তু কাজ করার

মনোভাব বা আগ্রহ না থাকলে কাজটি কখনো সম্পন্ন করা যাবে না। তাই বলা যায় মানবীয় সম্পদগুলো পরস্পর সম্পর্কযুক্ত।

গ. মাফুজার মধ্যে মানবীয় সম্পদের প্রভাব লক্ষ করা যায়। মানবীয় সম্পদ মানুষের অন্তর্নিহিত গুণাবলি যা দেখা যায় না বা স্পর্শ করা যায় না। পরিবারের সদস্যরা এই মানবীয় সম্পদগুলো ব্যবহার করে তাদের লক্ষ্য অর্জন করতে পারে। উদ্দীপকের মাফুজার স্বপ্ন তিনি একজন সফল নারী উদ্যোক্তা হবেন। তাই তিনি তার প্রশিৰণকে বিভিন্নভাবে কাজে লাগাচ্ছেন। তিনি হাতে নকশি কাঁথা, চাদর ইত্যাদি তৈরি করে বিক্রি করেন। তার কাজের দৰতা দেখে মহিলা সংস্থা তাকে ঋণ দেয় এবং তা নিয়ে তিনি একটি সেলাই প্রতিষ্ঠান গড়ে তোলেন। তাছাড়া তার মধ্যে প্রতিষ্ঠান পরিচালনার জ্ঞান ও আগ্রহ আছে যা কাজে লাগিয়ে মাফুজা তার লৰ্য অর্জন করতে পারবেন। তাই বলা যায়, মাফুজার মধ্যে মানবীয় সম্পদের প্রভাব রয়েছে।

ঘ. 'দুই রকম সম্পদের সমন্বয়ে মাফুজার লক্ষ্য পূরণ সম্ভব হয়েছে'– কথাটির সাথে আমি একমত। কারণ সম্পদ মানুষের বিভিন্ন চাহিদা পূরণের হাতিয়ার। প্রত্যেক মানুষই কমবেশি বিভিন্ন রকম সম্পদের অধিকারী। কিন্তু অনেক মানুষ তার সম্পদের ধরন ও পরিমাণ সম্পর্কে সঠিক ধারণা না থাকায় তাদের অজানা সম্পদগুলো ব্যবহার করে লৰ্য অর্জন করতে পারে না। গৃহ ব্যবস্থাপনায় যে কোনো লক্ষ্য অর্জনের জন্য মানবীয় ও অমানবীয় বা বস্তুগত উভয় প্রকার সম্পদ যথাযথভাবে ব্যবহার করতে হয়। তা না হলে সম্পদের অপচয় হয়। পরিকল্পনা করে সম্পদ ব্যবহার করতে পারলে সীমিত সম্পদের মাধ্যমে যেকোনো লৰ্য পূরণ করা যায়। উদ্দীপকের মাফুজার মানবীয় সম্পদ হলো– কাজের দৰতা, আর অমানবীয় সম্পদ হলো অর্থ, যা মহিলা সংস্থা থেকে সে পেয়েছে। তিনি তার দৰতা ও অর্থের সমন্বয় ঘটিয়ে মাফুজা 'সেলাইঘর' নামে প্রতিষ্ঠান গড়ে তুলেছে। তাই বলা যায়, প্রশ্নের উক্তিটি সঠিক ও যথাযথ।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

তানহা গৃহ ব্যবস্থাপনা বিষয়ে শাহনাজকে ধারণা দেয়। তানহা বলে, গৃহ ব্যবস্থাপনা পদ্ধতিটি কতকগুলো ধারাবাহিক স্তরের সমষ্টি। সে আরও বলে যে, গৃহ ব্যবস্থাপনার যে চারটি স্তর রয়েছে তার মধ্যে তৃতীয় স্তরটি সবচেয়ে গুরুত্বপূর্ণ।

ক. সম্পদের মৌলিক বৈশিষ্ট্য কী? ১
খ. সম্পদের উপযোগিতার বিষয়টি ব্যাখ্যা কর। ২
গ. তানহা গৃহ ব্যবস্থাপনার যে স্তরগুলোর কথা বলেছে সেগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. তানহার শেষ উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. সম্পদের মৌলিক বৈশিষ্ট্য হলো সকল সম্পদই সীমিত।

খ. সম্পদের উপযোগিতার বিষয়টি হলো সম্পদের চাহিদা পূরণের যোগ্যতা। সকল সম্পদেরই কমবেশি উপযোগিতা রয়েছে। অর্থাৎ সম্পদের প্রয়োজন মেটানোর ৰমতা আছে। তবে সম্পদ ভেদে এর তারতম্য দেখা যায়। যেমন– অর্থসম্পদ দিয়ে প্রয়োজনীয় দ্রব্য কেনা যায়।

গ. তানহা গৃহ ব্যবস্থাপনার চারটি স্তরের কথা উল্লেখ করেছে। নিচে সেগুলো ব্যাখ্যা করা হলো :

**পরিকল্পনা :** গৃহ ব্যবস্থাপনার স্তরগুলোর প্রথমটি হলো পরিকল্পনা প্রণয়ন। লক্ষ্য অর্জনের জন্য কী কাজ করতে হবে, কীভাবে করতে হবে, কারা করবে ইত্যাদি বিষয়ে পরিকল্পনা গ্রহণ করতে হয়।

**সংগঠন :** গৃহ ব্যবস্থাপনার দ্বিতীয় স্তর সংগঠন। পরিকল্পনার বিভিন্ন কাজে সংযোগ সাধন করার নাম সংগঠন।

**নিয়ন্ত্রণ :** গৃহীত পরিকল্পনাকে বাস্তবে রূ প দেওয়া ও সংগঠনের বিভিন্ন ধারাকে কার্যকর করে তোলাকে নিয়ন্ত্রণ বলে।

**মূল্যায়ন :** মূল্যায়ন গৃহ ব্যবস্থাপনার সর্বশেষ স্তর, যেখানে কাজটি সম্পন্ন হওয়ার পর এর ফলাফল যাচাই করা হয়।

পরিশেষে বলা যায়, লৰ্যকে কেন্দ্র করে গৃহ ব্যবস্থাপনার উপরিউক্ত স্তরগুলো চক্রাকারে আবর্তিত হয়।

ঘ. উদ্দীপকে তানহার শেষ উক্তিটি হলো গৃহ ব্যবস্থাপনার যে চারটি স্তর আছে তার মধ্যে তৃতীয় স্তরটি তথা নিয়ন্ত্রণ সবচেয়ে গুরুত্বপূর্ণ। তার এই উক্তিটি যথার্থ। কেননা পরিকল্পনা যতই ভালো হোক না কেন তা যদি বাস্তবায়িত না হয় তাহলে কখনই লৰ্য অর্জন করা যায় না। নিয়ন্ত্রণ গৃহীত পরিকল্পনাকে বাস্তবে রূ প দেয় এবং সংগঠনের বিভিন্ন ধারাকে কার্যকর করে তোলে। গৃহ ব্যবস্থাপনার এ স্তরটি কয়েকটি পর্যায়ে এগিয়ে চলে। প্রথম পর্যায়ে কাজে সক্রিয় হওয়াকে বোঝায়। অর্থাৎ উদ্যোগ নিয়ে কাজটি শুরু করা। কী কাজ করতে হবে এবং কীভাবে করতে হবে তা জানা থাকলে কাজ শুরু করা সহজ হয়। দ্বিতীয় পর্যায়ে কাজের অগ্রগতি লৰ করা হয়। তৃতীয় পর্যায়ে পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে হয়। অর্থাৎ কোনো গৃহীত পরিকল্পনা কতটুকু বাস্তবায়িত হবে তা অনেকাংশে এ স্তরের সফলতার ওপর নির্ভর করে। এ কারণেই নিয়ন্ত্রণকে গৃহ ব্যবস্থাপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর হিসেবে বিবেচনা করা হয়।

**প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নাইমা বড় হয়ে শিৰক হতে চায়। তাই সে মনোযোগ দিয়ে পড়াশোনা করে। সে আজ ক্লাসে সম্পদের শ্রেণিবিভাগ সম্পর্কে জেনেছে। স্কুল থেকে ফিরে সে দেখল তার মা বাসার সবার জন্য কেনাকাটা করে এনেছেন। কিন্তু কারো তা পছন্দ হয় নি। নাইমা বলল – "বস্তুগত সম্পদের সাথে তুমি যদি মানবীয় সম্পদের সমন্বয় করতেন তবে এ সমস্যা হতো না।"

ক. গৃহ ব্যবস্থাপনার প্রথম স্তরের নাম কী? ১
খ. মানবীয় ও বস্তুগত সম্পদের পার্থক্য লেখ। ২
গ. নাইমার লৰ্য অর্জনে কীসের প্রয়োজন এবং কেন? বর্ণনা কর। ৩
ঘ. নাইমার মনোভাবের সাথে কি তুমি একমত? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

ক. গৃহ ব্যবস্থাপনার প্রথম স্তরের নাম পরিকল্পনা প্রণয়ন।

খ. মানবীয় ও বস্তুগত সম্পদের মধ্যে পার্থক্য হলো–

| মানবীয় সম্পদ | বস্তুগত সম্পদ |
|---|---|
| ১. জ্ঞান, দৰতা, শক্তি, আগ্রহ, মনোভাব মানবীয় সম্পদ। | ১. বাড়িঘর, জমিজমা, অর্থ বস্তুগত সম্পদ |
| ২. এসব সম্পদ দেখা বা স্পর্শ করা যায় না। | ২. এসব সম্পদ দেখা যায় ও স্পর্শ করা যায়। |
| ৩. এগুলো মানুষের অন্তর্নিহিত গুণাবলি। | ৩. এগুলো বাহ্যিক জিনিস। |

গ. নাইমার লৰ্য হলো বড় হয়ে শিৰক হওয়া। এজন্য নাইমার প্রয়োজন মেধা, সময়, জ্ঞান, বুদ্ধি, মনোযোগ, শক্তি। এগুলো তার নিজস্ব গুণাবলি যা তার এক ধরনের সম্পদ। তার এ সকল সম্পদের প্রয়োজন কারণ এগুলো তাকে সবসময় লেখাপড়ায় ভালো ফলাফল করতে সাহায্য করবে। যেকোনো লৰ্য অর্জনের জন্য বিভিন্ন রকম সম্পদের প্রয়োজন হয়। শিৰক হওয়ার জন্য এসব সম্পদের পাশাপাশি তার টাকা পয়সা ও শিৰার উপকরণ দরকার। এগুলোও সম্পদ। এ সকল সম্পদের পারস্পরিক ব্যবহারই নাইমার লৰ্য অর্জনে সহায়তা করবে।

ঘ. নাইমার মনোভাবের সাথে আমি একমত। কেননা মানবীয় সম্পদ মানুষের অন্তর্নিহিত গুণাবলি। এগুলো স্পর্শ করা বা দেখা যায় না তবে অনুভব বা অনুধাবন করা যায়। পরিবারের সদস্যরা এই মানবীয় সম্পদগুলো ব্যবহার করে তাদের লৰ্য অর্জন করতে পারে। পারিবারিক লৰ্য অর্জনে মানবীয় সম্পদগুলোও বস্তুগত সম্পদের মতোই গুরুত্বপূর্ণ। উদ্দীপকে নাইমার মা

বস্তুগত সম্পদ দিয়ে অর্থাৎ অর্থ ব্যয় করে সবার জন্য কেনাকাটা করলেও সকলের তা পছন্দ হয়নি। কিন্তু তিনি যদি এখানে মানবীয় সম্পদ অর্থাৎ অন্যদের মতামত, রুচি, পছন্দের সমন্বয় রাখতেন, অন্যদের সাথে নিয়ে কেনাকাটা করতেন তবেই তা সকলের পছন্দ হতো। অর্থাৎ পারিবারিক লক্ষ্য অর্জনে নাইমার মা শুধু বস্তুগত সম্পদকে প্রাধান্য দিয়েছেন বিধায় লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়েছেন। কিন্তু তিনি যদি দুই ধরনের সম্পদকেই প্রাধান্য দিতেন তবেই সবার পছন্দ মতো কেনাকাটা করতে পারতেন।

**প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সপ্তম শ্রেণির ছাত্রী ঝুমুর প্রতিদিন খুব ভোরে ঘুম থেকে ওঠে এবং হাতমুখ ধুয়ে প্রার্থনা শেষ করে ঘরবাড়ি গোছায় এবং মায়ের রান্নার কাজে সাহায্য করে। এরপর সে স্কুলে যায়। স্কুল শেষে বান্ধবীদের সাথে খেলাধুলা করে। তারপর নাচের ক্লাসে যায়। প্রতিদিন বাড়ি ফিরতে ফিরতে তার সন্ধ্যা হয়ে যায়। বাড়ি ফিরে সে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়ে। ক্লাসে বাড়ির কাজ না নিয়ে যাওয়ার জন্য প্রায়ই তাকে শাস্তি পেতে হয়। সব শুনে তার বাবা বলল, "সময় এবং শক্তি এ দুটি মানবীয় সম্পদের সঠিক ব্যবহার অত্যন্ত গুরবত্বপূর্ণ।"

ক. কোন সম্পদগুলো পরস্পর নির্ভরশীল ও সম্পর্কযুক্ত? ১
খ. অমানবীয় সম্পদ বলতে কী বোঝায়? ২
গ. ঝুমুরের সমস্যা থেকে উত্তরণের উপায় বর্ণনা কর। ৩
ঘ. "সময় এবং শক্তি এ দুটি মানবীয় সম্পদের সঠিক ব্যবহার অত্যন্ত গুরবত্বপূর্ণ" ঝুমুরের জন্য উক্তিটি কতটুকু যুক্তিযুক্ত মূল্যায়ন কর। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. মানবীয় সম্পদগুলো পরস্পর নির্ভরশীল ও সম্পর্কযুক্ত।

খ. যে সম্পদগুলো স্পর্শ করা যায়, চোখে দেখা যায় তাকে অমানবীয় বা বস্তুগত সম্পদ বলে। অর্থাৎ অমানবীয় সম্পদগুলোর বাহ্যিক রূ প রয়েছে। বাড়িঘর, জমিজমা, অর্থ, গৃহের যাবতীয় সরঞ্জাম ও আসবাবপত্র সবই অমানবীয় সম্পদ। এ সম্পদগুলো ব্যবহার করে মানুষ বিভিন্ন রকম কাজ করে, যা লক্ষ্য অর্জনে সহায়তা করে।

গ. ঝুমুরের সমস্যা সমাধানের উপায় হলো সময় ও শক্তির সুষ্ঠু ব্যবহার। কেননা সময় কখনো থেমে থাকে না। তাই অযথা সময় নষ্ট না করে তার যথার্থ ব্যবহার করা উচিত। এজন্য দরকার সঠিক পরিকল্পনা। শক্তিও জরবরি সম্পদ। উদ্দীপকে ঝুমুরকে বাড়ির কাজ না করে স্কুলে যাওয়ার কারণে প্রায়ই শাস্তি পেতে হয়। সে প্রতিদিন তার বাড়ির বিভিন্ন কাজে অনেক সময় ব্যয় করে। কিন্তু ছাত্রী হিসেবে তার এখন লেখাপড়ার সময়। তাই তাকে শক্তি ব্যয়ের পরিকল্পনা করে নিতে হবে। গুরবত্ব অনুযায়ী কাজ সাজাতে হবে। দৈনন্দিন কাজের মধ্যে বিশ্রামেরও ব্যবস্থা থাকতে হবে। তবেই ঝুমুর প্রতিদিন স্কুলের পড়া শেষ করে ক্লাসে যেতে পারবে।

ঘ. প্রতিটি মানুষের জীবনে সময় ও শক্তি এ দুটি মানবীয় সম্পদের সঠিক ব্যবহার অত্যন্ত গুরবত্বপূর্ণ। ঝুমুরের জন্য উক্তিটি সম্পূর্ণই যুক্তিযুক্ত। কারণ সে একজন ছাত্রী। তাই তার প্রধান কাজ লেখাপড়া করা। অথচ পড়ালেখার সময় তার শরীরে প্রয়োজনীয় শক্তি থাকে না। সে ক্লান্ত হয়ে পড়ে। কিন্তু সে যদি সময় অনুযায়ী কাজ করার একটি পরিকল্পনা করে নিত তবে সে বুঝতে পারত কোন কাজে তার কতটুকু শক্তির প্রয়োজন। এছাড়া গুরবত্ব অনুযায়ী কাজ ভাগ করা, কঠিন কাজের পর হালকা কাজ, বিশ্রামের ব্যবস্থা, কাজ সম্পর্কে ধারণা থাকলে সে সময় ও শক্তির মধ্যে সমন্বয় করতে পারবে। এজন্য তাকে একটি কর্মতালিকা তৈরি করে নিতে হবে। ক্লাসে ভালো করার জন্য তাকে অবশ্যই সময় ও শক্তির মধ্যে সমন্বয় করতে হবে। এতে করে সে সম্পদেরও সঠিক ব্যবহার করতে পারবে।

**প্রশ্ন –৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জাফর সাহেব অর্থের অপচয় পছন্দ করেন না। তিনি যে কোনো কাজ সঠিক সময়ে করেন। তাছাড়া তিনি অযথা শক্তি ব্যয় করেন না। জাফর সাহেবকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, "অর্থ, সময় ও শক্তি মূল্যবান গৃহ সম্পদ। কর্মতালিকার মাধ্যমেই শক্তির অপচয় রোধ করা সম্ভব।"

[বাংলাদেশ মহিলা সমিতি স্কুল, চট্টগ্রাম]

ক. সময় কীসের নিয়মে বয়ে চলে? ১
খ. বস্তুগত সম্পদের মধ্যে অর্থের কার্যকারিতা সবচেয়ে বেশি কেন? ২
গ. জাফর সাহেব যে সম্পদগুলোর কথা বলেছেন, মানবজীবনে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. জাফর সাহেবের শেষ উক্তিটির যৌক্তিকতা নিরূ পণ কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

ক. সময় প্রকৃতির নিয়মে বয়ে চলে।

খ. অর্থ পরিবারের একটি অন্যতম বস্তুগত সম্পদ। মানুষের মৌলিক চাহিদা পূরণ করতে হলে অর্থের প্রয়োজন। অর্থের বিনিময়ে মানুষ প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী ও সেবা সংগ্রহ করতে পারে। অর্থের ক্রয়ক্ষমতা আছে। এ কারণেই বস্তুগত সম্পদের মধ্যে অর্থের কার্যকারিতা সবচেয়ে বেশি।

গ. উদ্দীপকে জাফর সাহেব অর্থ, সময় ও শক্তির কথা বলেছেন। এগুলো মানবজীবনের জন্য গুরুত্বপূর্ণ সম্পদ। অর্থ হলো একটি অন্যতম প্রধান বস্তুগত সম্পদ। মানুষের জীবনে মৌলিক চাহিদা পূরণে অর্থের প্রয়োজনীয়তা ও কার্যকারিতা সবচেয়ে বেশি। অর্থের বিনিময়ে মানুষ প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী ও সেবা সংগ্রহ করে। মানবীয় সম্পদগুলোর মধ্যে সময় অন্যতম গুরুত্বপূর্ণ। সময় সবচেয়ে সীমিত সম্পদ এবং একে পরিমাপ করা খুবই সহজ। একে কখনই বাড়ানো যায় না বলে সময়ের কাজ সময়ে করতে হয়। শক্তি হলো গুরুত্বপূর্ণ মানবীয় সম্পদ। অন্যান্য সম্পদের মতো শক্তি ব্যবহারেও আমাদের যত্নশীল হওয়া প্রয়োজন।

ঘ. জাফর সাহেবের শেষ উক্তিটি হলো, কর্মতালিকার মাধ্যমেই শক্তির অপচয় রোধ করা যায়। উক্তিটি অত্যন্ত যৌক্তিক বলে আমি মনে করি। কেননা, পারিবারিক লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন ধরনের সম্পদ ব্যবহার করতে হয়। গৃহ ব্যবস্থাপনায় সম্পদকে মানবীয় ও বস্তুগত এ দুই ভাগে ভাগ করা হয়েছে। শক্তি একটি গুরুত্বপূর্ণ মানবীয় সম্পদ। এই সম্পদ ব্যবহার করে মানুষ বিভিন্ন রকম কাজ করে লক্ষ্যে পৌঁছতে পারে। এ সম্পদটি মানুষ অর্জন করে। শক্তি সবার একরকম নয়। এ কারণে অনেকে অল্প পরিশ্রমে ক্লান্ত হয়ে পড়ে। তাছাড়া অন্যান্য সম্পদের মতো শক্তিও সীমিত। এ কারণে কম শক্তি ব্যবহার করে বেশি কাজ করার চেষ্টা করতে হবে। শক্তির অপচয় রোধ করতে হলে দৈনন্দিন কাজের একটি তালিকা থাকবে। সেখানে গুরুত্ব অনুসারে কাজগুলো সাজাতে হবে। একটি কঠিন কাজের পর হালকা কাজ করতে হবে। বিশ্রাম, ঘুম, বিনোদনের ব্যবস্থা থাকতে হবে। এভাবে কর্মতালিকা করলে শক্তির অপচয় রোধ করা সম্ভব।

**প্রশ্ন –৭ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শামীমা নাসরিন একজন গৃহিণী। সে তার বাড়িতে খাবার ঘর থাকা সত্ত্বেও সবাই শোবার ঘরে বসে টেলিভিশন দেখতে দেখতে খাওয়াদাওয়া করে। তাই রান্না এবং পরিবেশন এ দুটি কাজ করতে তাকে অনেক ছোটাছুটি করতে হয়। এছাড়া রান্নাঘরে তার রান্না, কাটা ও প্রয়োজনীয় সরঞ্জাম রাখবার স্থানের মধ্যেও কোনো সামঞ্জস্যতা না থাকায় সেখানেও তাকে অনেক বেশি শক্তি ব্যয় করতে হয়। ফলে সে সবসময় ক্লান্ত থাকে এবং পরিবারের সবার সাথে খারাপ ব্যবহার করে। এসব দেখে তার মা তাকে বলল, "কাজ সহজকরণের জন্য কাজ করার স্থান ও কাজের সরঞ্জাম রাখার স্থানের মধ্যে সামঞ্জস্য থাকা জরবরি।"

ক. গৃহ ব্যবস্থাপনার স্তর কতটি? ১
খ. কাজ সহজকরণ বলতে কী বোঝায়? ২
গ. শামীমা নাসরিনের ক্লান্তির পরিমাণ কীভাবে হ্রাস করা যায়? বর্ণনা কর। ৩
ঘ. শামীমা নাসরিনের মায়ের বক্তব্যের সাথে কি তুমি একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও ৪

### ৭নং প্রশ্নের উত্তর

ক. গৃহ ব্যবস্থাপনার স্তর চারটি।

খ. সময় ও শক্তি হচ্ছে খুবই সীমিত সম্পদ। সময় ও শক্তির উপযুক্ত ব্যবহার করে প্রতিদিন অনেক কাজ সহজে করা যায়। কাজ সহজকরণ বলতে বোঝায়, নির্দিষ্ট একটি কাজে অল্প সময় ও শক্তি ব্যয় করা। নির্দিষ্ট সময় ও শক্তি ব্যয় করে অধিক কাজ করা। কাজ সহজকরণের বিভিন্ন রকম কৌশল রয়েছে যেগুলো আয়ত্ত করলে যেকোনো কাজ সহজে করা যায়।

গ. কাজের জন্য স্থান ও সাজসরঞ্জামের প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে শামীমা নাসরিনের ক্লান্তির পরিমাণ হ্রাস করা যায়। কারণ কাজের জন্য স্থান ও সাজসরঞ্জামের প্রয়োজনীয় পরিবর্তন কাজ সহজকরণের অন্যতম কৌশল। এই কৌশলটি অনুসরণ করে কাজ করতে পারলে সময় ও শক্তি সাশ্রয় হয়। উদ্দীপকে শামীমা নাসরিনের বাড়িতে সবাই শোয়ার ঘরে বসে টেলিভিশন দেখতে দেখতে খাবার খায়। এজন্য তাকে খাবার রান্না ও পরিবেশনের জন্য অনেক বেশি ছোটাছুটি করতে হয়। এছাড়া রান্নাঘরের সরঞ্জামের স্থানের ৰেত্রে তার কোনো সামঞ্জস্যতা নেই। তাই সরঞ্জামগুলো খুঁজতে তাকে অনেক শক্তি ব্যয় করতে হয়। এৰেত্রে তিনি যদি রান্নাঘরের প্রয়োজন অনুযায়ী সরঞ্জাম স্থাপন করেন এবং সবাইকে খাবার ঘরে খাবার পরিবেশন করেন তাহলে তাকে এত ছোটাছুটি করতে হবে না এবং ক্লান্তির পরিমাণ হ্রাস পাবে।

ঘ. শামীমা নাসরিনের মা তাকে কাজ সহজ করার জন্য কাজের স্থান ও সরঞ্জাম রাখার স্থানের মধ্যে সামঞ্জস্য রাখতে বলেছেন। তার এই পরামর্শের সাথে আমি একমত। কারণ শামীমা নাসরিনকে খাবার ঘর থাকার পরও খাবার পরিবেশন শোবার ঘরে করতে হয়। তাছাড়া রান্নাঘরে তার রান্না, কাটা, বাটা ও প্রয়োজনীয় সরঞ্জাম রাখার স্থানের মধ্যে কোনো সামঞ্জস্যতা নেই। তাই তাকে কাজ সম্পাদন করার জন্য অনেক ছোটাছুটি করতে হয়। এতে সময় ও শক্তির অপচয় হয় এবং তিনি ক্লান্ত বোধ করেন। কিন্তু তিনি যদি তার রান্না ঘরের পাশেই খাবার ঘরটি রাখতেন এবং সেখানে সবাইকে খাবার পরিবেশন করতেন তাহলে তাকে ছুটোছুটি করতে হতো না এবং তার সময় ও শ্রম কম ব্যয় হতো। তাছাড়া তিনি যদি কাজের স্থানের সাথে সামঞ্জস্য রেখে কাজ করেন তাহলে প্রয়োজনীয় জিনিস সহজেই হাতের কাছে পাবেন এবং ক্লান্ত কম হবেন। তাই তার মায়ের পরামর্শটি অত্যন্ত যুক্তিযুক্ত।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৮ ▸** মিসেস নিশি সরকারি কলেজে শিৰকতা করেন। শীতের ছুটিতে স্বামী সন্তান নিয়ে চট্টগ্রামে যেতে চাইলেন। বাসের টিকেট কাটার জন্য তিনি তার ভাইকে দায়িত্ব দিলেন। কিন্তু শেষ মুহূর্তে বাসের টিকিট পাওয়া যায়নি। এসব দেখে তার শাশুড়ি বলেন গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো সঠিকভাবে অনুসরণ করলে তোমাকে এই সমস্যার সম্মুখীন হতে হতো না।

ক. বাজেট কী? ১

খ. অর্থের কাজগুলো উলেৰখ কর। ২

গ. মিসেস নিশির সমস্যা সমাধানের উপায় বর্ণনা কর। ৩

ঘ. মিসেস নিশির সমস্যা সমাধানে তার শাশুড়ির পরামর্শটির যথার্থতা যাচাই কর। ৪

**প্রশ্ন –৯ ▸** রহমান সাহেব তার পাঁচতলা বিল্ডিং এর কাজ দেখাশোনার জন্য তার বড় ছেলে মামুনকে দায়িত্ব দিলেন। মামুন কাজটির পরিকল্পনা করে এবং রাজমিস্ত্রিদের হাতে কাজ ছেড়ে দেয়। মাস খানেক পর রহমান সাহেব কাজের অগ্রগতি না দেখতে পেয়ে হতাশ হলেন। তিনি বললেন পরিকল্পনা যতই ভালো হোক না কেন সঠিকভাবে নিয়ন্ত্রণের অভাবে তা বাস্তবায়ন করা সম্ভব নয়।

ক. আমাদের চাহিদার তুলনায় সম্পদের পরিমাণ কীরূ প? ১

খ. শক্তি ব্যবহারের উপায়গুলো ব্যাখ্যা কর। ২

গ. বিল্ডিং–এর কাজের অগ্রগতি না হওয়ার কারণ লেখ। ৩

ঘ. রহমান সাহেবের বক্তব্যটির সাথে কি তুমি একমত? তোমার উত্তরের সপৰে যুক্তি দেখাও। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ সংগঠন কাকে বলে?**

**উত্তর :** পরিকল্পনার বিভিন্ন কাজের সংযোগ সাধন করার নাম সংগঠন।

**প্রশ্ন ॥ ২ ॥ সম্পদকে চাহিদা পূরণের কী বলা হয়?**

**উত্তর :** সম্পদকে চাহিদা পূরণের হাতিয়ার বলা হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ 'একটি পরিবারের সীমিত আয়' সম্পদের কী নির্দেশ করে?**

**উত্তর :** 'একটি পরিবারের সীমিত আয়' সম্পদের সীমাবদ্ধতা নির্দেশ করে।

**প্রশ্ন ॥ ৪ ॥ সম্পদের সাধারণ বৈশিষ্ট্য অনুযায়ী প্রতিটি সম্পদ কীরূপ?**

**উত্তর :** সম্পদের সাধারণ বৈশিষ্ট্য অনুযায়ী প্রতিটি সম্পদ সীমিত।

**প্রশ্ন ॥ ৫ ॥ কর্মতালিকার মাধ্যমে শক্তির কী রোধ করা যায়?**

**উত্তর :** কর্মতালিকার মাধ্যমে শক্তির অপচয় রোধ করা যায়।

**প্রশ্ন ॥ ৬ ॥ গ্রামাঞ্চলে অনেক সময় কলাপাতাকে কী হিসেবে ব্যবহার করা হয়?**

**উত্তর :** গ্রামাঞ্চলে অনেক সময় কলাপাতাকে ডিসপজেবল প্লেট হিসেবে ব্যবহার করা হয়।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ গৃহ ব্যবস্থাপনার সর্বশেষ স্তরটি ব্যাখ্যা কর।**

**উত্তর :** গৃহ ব্যবস্থাপনার সর্বশেষ স্তরের নাম মূল্যায়ন। কাজটি সম্পন্ন হওয়ার পর এর ফলাফল যাচাই করাকে মূল্যায়ন বলা হয়। কাজটি লক্ষ্য অর্জন করতে পারল কিনা তা মূল্যায়নের মাধ্যমে জানা যায়। মূল্যায়নে যদি দেখা যায় সফলতা এসেছে, তাহলে পরবর্তী কাজ এভাবেই করার সিদ্ধান্ত নেওয়া হয়। আর যদি সফলতা না আসে তাহলে কারণ অনুসন্ধান করে পরবর্তীতে সংশোধনের সুযোগ সৃষ্টি হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ সম্পদ কারও ক্ষমতাধীনে থাকতে হবে কেন?**

**উত্তর :** কারও ক্ষমতাধীনে থাকা সম্পদের একটি বৈশিষ্ট্য। কোনো জিনিস যদি নিজের ক্ষমতাধীনে না থাকে বা একে যদি কোনো অধিকার দ্বারা কাজে লাগানো না যায়, তাহলে তা সম্পদ নয়। কারণ সম্পদ থাকে কাজের জন্য, মালিকানা না থাকলে কাজ করা যায় না। তাই কোনো জিনিস সম্পদ হতে হলে কারও ক্ষমতাধীনে থাকতে হবে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কম শক্তি ব্যবহার করে বেশি কাজ করার উপায় লেখ।**

**উত্তর :** প্রতিদিন আমাদের শক্তি ব্যবহার করে অনেক কাজ করতে হয়। তাই আমাদের কম শক্তি ব্যবহার করে বেশি কাজ করার চেস্টা করতে হবে। শক্তিকে ভালোভাবে কাজে লাগাতে হলে একটি কর্মতালিকা করতে হবে। কর্মতালিকা তৈরি করে কাজ করলে শক্তির অপচয় রোধ করা যায় এবং কর্মশক্তি ব্যবহার করে বেশি কাজ করা যায়।

**প্রশ্ন ॥ ৪ ॥ কাজ সহজ করার জন্য দেহের অবস্থান ও গতিতে পরিবর্তন প্রয়োজন কেন?**

**উত্তর :** কাজ করার সময় দেহের সঠিক অবস্থান ও গতি বজায় রাখতে পারলে কাজ করা সহজ হয়। সঠিক দেহভঙ্গি নিয়ে কাজ করলে কম শক্তি ব্যয়ে বেশি কাজ করা যায়। মনে রাখতে হবে, আমরা যেন কাজের স্বাভাবিক পরিসরে কাজটি করতে পারি। সর্বোচ্চ পরিসরের চেয়ে স্বাভাবিক পরিসরে কাজ করতে কম শক্তি ব্যয় হবে।